**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 9/20/2021 **গভর্নর ক্যাথি হোচুল**

# গভর্নর হোচুল NY-সান প্রোগ্রামটি 2030 সালের মধ্যে অন্তত 10 গিগাওয়াট সৌর শক্তি অর্জনের জন্য প্রসারিত করার কথা ঘোষণা করেছেন

***রাজ্যের সফল 2025 সালের মধ্যে ছয় গিগাওয়াট বিতরণ করা সোলার NY-সান প্রোগ্রাম প্রসারিত করে যা রাজ্যের প্রতিটি কাউন্টিতে পৌঁছেছে এবং প্রত্যাশিত সময়ের আগেই তার লক্ষ্য অর্জনের পথে রয়েছে, এবং আজ পর্যন্ত 12,000-এরও বেশি সৌর চাকরি সমর্থন করে***

***NY-সান সম্প্রসারণ আরো 6,000 সৌর চাকরি তৈরি করতে সাহায্য করবে এবং অন্তত 35 শতাংশ সুবিধাবঞ্চিত জনগোষ্ঠী এবং নিম্ন-মধ্যম-আয়ের নিউ ইয়র্কবাসীদের জন্য সুবিধা প্রদান করবে***

***সৌর ক্ষমতা বৃদ্ধি করা 2030 সালের মধ্যে স্টেটের 70 শতাংশ বিদ্যুৎ নবায়নযোগ্য উৎস থেকে সংগ্রহ করার লক্ষ্যকে অতিক্রম করার অগ্রগতিকে ত্বরান্বিত করে শূন্য-নির্গমন গ্রিডের উদ্দেশ্যসাধনের লক্ষ্যে***

জলবায়ু সপ্তাহ 2021 এর প্রথম দিনে, গভর্নর ক্যাথি হোচুল আজ 2030 সালের মধ্যে অন্তত 10 গিগাওয়াট বিতরণকৃত সোলারের ইনস্টলেশন সম্প্রসারিত লক্ষ্য অর্জনের জন্য অত্যন্ত সফল NY-সান প্রোগ্রাম প্রসারণের আহ্বান ঘোষণা করেছেন। এই প্রোগ্রামের প্রসারণ কোভিড-19 এর পর রাজ্যের অর্থনৈতিক পুনরুদ্ধারে সহায়ক হবে বলে আশা করা হচ্ছে আরো 6,000 সৌর চাকরী তৈরির সাথে, বর্তমান 12,000 চাকরী ছাড়াও, জা এখন রাজ্য জুড়ে বিদ্যমান, যার একটি অংশ হবে চলমান পরিচালন এবং রক্ষণাবেক্ষণের চাকরী যা প্রকল্পের 25+ বছরের আয়ুষ্কাল জুড়ে বিদ্যমান থাকবে। প্রোগ্রাম সম্প্রসারণ বিনিয়োগ থেকে প্রাপ্ত সুবিধার অন্তত 35 শতাংশ অনগ্রসর সম্প্রদায়গুলিকে এবং নিম্ন থেকে মাঝারি আয়ের নিউ ইয়র্কবাসীদের প্রদান করবে। রাজ্য ব্যাপী সৌর শক্তির ক্ষমতা বৃদ্ধি করা 2030 সালের মধ্যে স্টেটের 70 শতাংশ বিদ্যুৎ নবায়নযোগ্য উৎস থেকে সংগ্রহ করার লক্ষ্যকে অতিক্রম করার জন্য নিউ ইয়র্কের কমিউনিটি প্রোটেকশন আইনের অগ্রগতিকে ত্বরান্বিত করে শূন্য-নির্গমন গ্রিডের উদ্দেশ্যসাধনের লক্ষ্যে।

"জলবায়ু পরিবর্তনের বাস্তবতা এবং জাতীয় এবং বিশ্বব্যাপী সব চেয়ে খারাপ প্রভাব বন্ধ করার জন্য স্বল্প সময়কে স্বীকৃতি দিয়ে নিউ ইয়র্ক রাজ্যকে আরও উঁচুতে আক্রমণাত্মকভাবে তার লক্ষ্য স্থাপন করতে হবে," **গভর্নর হোচুল বলেন।** "এই সম্প্রসারণের সাথে, আমরা বৈদ্যুতিক গ্রিডে প্রবাহিত নবায়নযোগ্য শক্তির পরিমাণ বাড়ানোর এবং তার সাথে সৌরশিল্পে আমাদের

ক্রমবর্ধমান পরিচ্ছন্ন শক্তির অর্থনীতির সমর্থনে আরও বেশি কর্মসংস্থান সৃষ্টিরও অঙ্গীকার্বোধ্যতা প্রদর্শন করছি। জলবায়ু পরিবর্তন একটি জনস্বাস্থ্য সমস্যা - আমাদের কাছে উপলব্ধ সব কিছু দিয়ে লড়াই করতে হবে যাতে নিশ্চিত করা যায় যে আগামী প্রজন্মগুলি একটি সুস্থ, দক্ষ গ্রহে সমৃদ্ধিলাভ করতে সক্ষম হবে।"

আজ, গভর্নর হোচুল নিউ ইয়র্ক স্টেট এনার্জি রিসার্চ অ্যান্ড ডেভেলপমেন্ট অথরিটি (New York State Energy Research and Development Authority) এবং নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অফ পাবলিক সার্ভিসকে (New York State Department of Public Service) এই শরত্কালে জারি করার জন্য একটি বিতরণকৃত সৌর রোডম্যাপ তৈরি করার আহ্বান জানিয়েছেন যাতে এক স্থিতিস্থাপক, সাশ্রয়ী এবং দায়িত্বশীল পদ্ধতিতে 2030 সালের মধ্যে অন্তত 10 গিগাওয়াটের একটি সম্প্রসারিত NY-সান এর লক্ষ্যের দিকে অগ্রসর করার পথ তৈরি করা যায়। প্রসারিত লক্ষ্যের ফলে প্রাপ্ত প্রকল্পগুলি প্রায় 1.7 মিলিয়ন বাড়িতে শক্তি প্রদান করবে বলে আশা করা হয় এবং সুবিধাবঞ্চিত সম্প্রদায়গুলিকে সেবা প্রদান সহ ব্যাপকভাবে অগ্রসর করা হবে।|

রোডম্যাপটি নিশ্চিত করবে যে এই প্রকল্পগুলি এমনভাবে বিকশিত এবং অবস্থিত করা হয় যা সম্পূর্ণভাবে ভূমির ব্যবহার বিবেচনা করে এবং স্থানীয় অংশীদার এবং কৃষি সম্প্রদায়ের সাথে ঘনিষ্ঠ সহযোগিতায় অগ্রসর করা হয়। একবার পাবলিক সার্ভিস কমিশনে (Public Service Commission) রোডম্যাপ দাখিল করা হলে, এটি 2022 সালের প্রথম দিকে জনসাধারণের মন্তব্য এবং পরবর্তী সিদ্ধান্ত গ্রহণের জন্য জারি করা হবে।

**ডরিন এম. হ্যারিস, ক্লাইমেট অ্যাকশন কাউন্সিলের (Climate Action Council) সহ-সভাপতি এবং নিউ ইয়র্ক স্টেট এনার্জি রিসার্চ অ্যান্ড ডেভেলপমেন্টের (New York State Energy Research and Development Authority, NYSERDA) প্রেসিডেন্ট এবং নির্বাহী আধিকারিক বলেন,** "NY-সান এর লক্ষ্যকে সম্প্রসারিত করার জন্য গভর্নর হোচুলের নির্দেশ একটি স্পষ্ট সংকেত পাঠায় যে নিউ ইয়র্ক স্টেট তার সমৃদ্ধ সৌরশিল্পকে বাড়িয়ে তুলতে অঙ্গীকারবদ্ধ, সৌরশক্তি স্টেটের পরিবেশ এবং পরিচ্ছন্ন শক্তির লক্ষ্য পূরণ করতে যে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে তার স্বীকৃতিস্বরূপ। আমরা আশা করি 2021 সাল নিউ ইয়র্কের সব চেয়ে বড় বছর হবে বিতরণকৃত সৌর স্থাপনার জন্য এবং সমস্ত নিউ ইয়র্কবাসীদের অন্তর্ভুক্ত করে একটি প্রসারিত, স্থিতিস্থাপক এবং চিন্তাশীল দৃষ্টিভঙ্গি নিশ্চিত করার জন্য রোডম্যাপ বিকাশ ও বাস্তবায়নের জন্য প্রস্তুত আছি যা আগামী বছরগুলিতে আমাদের পথ দেখাবে।"

**পরিবেশ সংরক্ষণ বিভাগের (Department of Environmental Conservation) কমিশনার এবং জলবায়ু অ্যাকশন কাউন্সিলের কো-চেয়ার বাসিল সেগোস বলেন,** "জলবায়ু সপ্তাহ 2021 এর সময় আজকের সাহসী ঘোষণা নিউ ইয়র্কের দেশ-নেতৃত্ব স্থানীয় জলবায়ু ক্রিয়ার উপর ভিত্তি করে গড়ে তোলে এবং গ্রীনহাউস গ্যাস নির্গমন কমাতে আমাদের লক্ষ্য অর্জনের আরেকটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ। গুরুতর ঝড় ও ভবিষ্যতের বন্যা মোকাবেলায় আমাদের সম্প্রদায়ের ক্ষমতাকে শক্তিশালী করার জন্য রাজ্যের যুগান্তকারী বিনিয়োগ এবং দূষণ মোকাবেলায় টেকসই সমাধানের জন্য আমাদের কাজকে অগ্রসর করা, উভয়কে একত্রিত করে নিউ ইয়র্ক অন্যান্য রাজ্যের জন্য একটি মডেল হিসেবে কাজ করে যাচ্ছে এবং আমরা

জলবায়ুর চ্যালেঞ্জ পূরণ করতে আমাদের প্রচেষ্টা প্রসারিত করছি গভর্নর হোচুলের নেতৃত্বের সাথে।"

**সিনেটর কেভিন পার্কার, এনার্জি চেয়ার বলেন,** "NY-সান প্রোগ্রাম আমাদের মহান রাজ্যের জন্য একটি কার্যকর সংস্থান হিসেবে প্রমাণিত হয়েছে। আমি গর্বিত যে গভর্নর হোচুল এবং NYSERDA এই কর্মসূচির সম্প্রসারণের আহ্বান জানাচ্ছেন। NY-সান কার্যকর প্রমাণিত হয়েছে এবং সম্প্রসারণ আমাদের জলবায়ু নেতৃত্ব এবং কমিউনিটি সুরক্ষা আইনের লক্ষ্যগুলিকে সমর্থন করতে এবং চাকরির সুযোগ বাড়াতে সহায়তা করবে। আমি NY-সানকে তাদের কঠোর পরিশ্রমের জন্য সাধুবাদ জানাই এবং সম্প্রসারণের পরে তারা যে পদক্ষেপ নেবে তার জন্য উন্মুখ।"

**সিনেটর টড কামিনস্কি, পরিবেশ সংরক্ষণের চেয়ার বলেন,** "জলবায়ু নেতৃত্ব এবং সম্প্রদায় সুরক্ষা আইন একটি ভবিষ্যতের কল্পনা করে যেখানে আমরা জীবাশ্ম জ্বালানির উপর নির্ভর করা বন্ধ করি। সৌর শক্তিকে কাজে লাগানোর জন্য আমাদের রাজ্যের সম্ভাবনার এই সম্প্রসারণ সবুজ কর্মসংস্থান সৃষ্টি করবে এবং আমাদের পরিবেশ বাঁচাবে। আমাদের ভবিষ্যতে এই বিনিয়োগের মূল্যকে স্বীকৃতি দেওয়ার জন্য আমরা গভর্নর হোচুলের কাছে কৃতজ্ঞ।"

**অ্যাসেম্বলি সদস্য, এনার্জি চেয়ার মাইকেল কুসিক বলেন,** "আমাদের পরিচ্ছন্ন শক্তির লক্ষ্য অর্জনে সৌর শক্তি একটি গুরুত্বপূর্ণ উপাদান এবং মূল সাধন। আমি দেখে আনন্দিত যে গভর্নর হোচুল আমাদের রাজ্যের সৌর ক্ষমতা সম্প্রসারণ অব্যাহত রাখতে সফল NY-সান কর্মসূচির সম্প্রসারণকে অগ্রাধিকার দিচ্ছেন। আমাদের এনার্জি গ্রিডের জন্য আমাদের সৌর শক্তির সম্প্রসারণই গুরুত্বপূর্ণ নয় বরং এটি একটি অর্থনৈতিক চালক যা রাজ্য জুড়ে হাজার হাজার ভালো বেতনের কর্মসংস্থান সৃষ্টি করবে।"

**অ্যাসেম্বলি মেম্বার পরিবেশ সংরক্ষণের সভাপতি স্টিভ এঙ্গেলব্রাইট বলেন,** "নিউ ইয়র্ক সান প্রোগ্রাম নিউ ইয়র্কবাসীদের জন্য পরিষ্কার দূষণহীন সৌরশক্তি সাশ্রয়ী করতে সাহায্য করে। জীবাশ্ম জ্বালানি উৎপাদনকারী গ্রিনহাউস গ্যাস থেকে দূরে সরে যাওয়ার জন্য সৌর উৎস থেকে উৎপাদিত শক্তি একটি গুরুত্বপূর্ণ উপাদান। আমাদের এখন জলবায়ু পরিবর্তন মোকাবেলা করতে হবে - হারিকেন, বন্যা, দাবানল, এখন আরো ঘন ঘন হয় এবং গ্রহ উত্তপ্ত হয়ে ওঠার কারণে আরও খারাপ অবস্থা ধারণ করে। চরম আবহাওয়া প্রাণ নাশ করছে এবং বহু বিলিয়ন ডলার খরচ করছে। শক্তির খরচ কমানো এবং নতুন কর্মসংস্থান সৃষ্টি করার সাথে জলবায়ু পরিবর্তন মোকাবেলায় গুরুত্বপূর্ণ পদক্ষেপ নেওয়ার জন্য আমি গভর্নর হোচুলকে সাধুবাদ জানাই।"

"এই ঘোষণার মাধ্যমে, গভর্নর হোচুল নিউ ইয়র্কের বিতরণকৃত সৌর খাতের জন্য একটি শক্তিশালী এবং ন্যায়সঙ্গত দৃষ্টিভঙ্গি তুলে ধরেছেন এবং আমাদের রাজ্যের বৈদ্যুতিক খাত এবং অর্থনীতি-ব্যাপী কার্বনমুক্তকরণ লক্ষ্যগুলি বাস্তবায়নে তার ভূমিকাকে স্থাপন করেছেন, যেমন 2019 এরজলবায়ু নেতৃত্ব এবং কমিউনিটি সুরক্ষা আইন বাধ্যতামূলক করেছে," **বলেন নিউ ইয়র্ক সোলার এনার্জি ইন্ডাস্ট্রিজ অ্যাসোসিয়েশনের (New York Solar Energy Industries Association, NYSEIA) নির্বাহী পরিচালক শ্যাম মেহতা।** "গুরুত্বপূর্ণভাবে, এই

ঘোষণাটি ক্রমাগত গঠন বিস্তার করা এবং নিউ ইয়র্কের ছাদের এবং সম্প্রদায়ের সৌর স্থাপনগুলি স্কেল-আপ করার সুবিধাগুলি এমন ব্যক্তি এবং সম্প্রদায়ের কাছে প্রবাহিত হয় তা নিশ্চিত করে যাদের তা সব চেয়ে বেশি প্রয়োজন, যেমন নিম্ন ও মধ্যম আয়ের সম্প্রদায় এবং যারা পরিবেশগত ন্যায়বিচারের সমস্যায় আক্রান্ত। NYSEIA গভর্নর হোচুল এবং তার প্রশাসনের প্রশংসা করে তাদের নেতৃত্বের জন্য নিউ ইয়র্ককে আগামী বছরগুলিতে বিতরণকৃত সৌর স্থাপনার এক জাতীয় নেতা হিসেবে প্রতিষ্ঠিত করার জন্য, যা হাজার হাজার ভালো বেতনের চাকরি সৃষ্টি করবে এবং সৌর শক্তিকে নিউ ইয়র্কের অর্থনীতিতে একটি গুরুত্বপূর্ণ স্তম্ভ হিসেবে স্থাপন করবে।"

"বিতরণকৃত সোলারের জন্য গভর্নর হোচুলের 10 গিগাওয়াটের লক্ষ্য নিউ ইয়র্কের আরও অনেক পরিবারে ছাদ এবং কমিউনিটিতে সোলার সম্প্রসারণ করতে সাহায্য করবে, এবং এ সবই আমাদের বায়ু পরিষ্কার করার, উচ্চমানের চাকরি তৈরি করার এবং আমাদের সম্প্রদায়গুলিকে শক্তিশালী করার সাথে হবে," **সৌর শক্তি শিল্প সমিতির (Solar Energy Industries Association) সভাপতি ও প্রধান নির্বাহী অ্যাবিগেল রস হপার বলেন।** "নিউ ইয়র্ক ইতিমধ্যে জলবায়ু পরিবর্তনের প্রভাব অনুভব করছে এবং স্থানীয়, অনাইট সৌর এবং স্টোরেজ প্রকল্পগুলি আমাদের স্থিতিস্থাপকতা বাড়াতে সাহায্য করতে পারে। সৌর শিল্প নিউ ইয়র্ককে এই উচ্চাকাংখী লক্ষ্য পূরণে সাহায্য করতে প্রস্তুত।"

"আমরা নিউ ইয়র্কে সৌর প্রবৃদ্ধির ক্ষেত্রে একটি শীর্ষ স্তরের রাজ্য হিসাবে স্থাপন করানোর জন্য এবং সৌর বাজারে একটি নেতৃস্থানীয় স্থিতির উপর ভিত্তি করে গড়ে তোলার জন্য এর মর্যাদা বৃদ্ধির উদ্দেশ্যে গভর্নর হোচুলের নেতৃত্বকে সাধুবাদ জানাই," **কোয়ালিশন ফর কমিউনিটি সোলার অ্যাক্সেসের (Coalition for Community Solar Access) উত্তর -পূর্ব আঞ্চলিক পরিচালক ক্যাটলিন কেলি ও'নিল বলেন।**"এই উচ্চাকাংখী নতুন সৌরশক্তির লক্ষ্যমাত্রা নিউ ইয়র্কের বাসিন্দাদের শক্তির খরচ সাশ্রয়, নতুন কর্মসংস্থান সৃষ্টি এবং পরিচ্ছন্ন শক্তির অর্থনীতিতে সমতাপূর্ণ সম্প্রসারণের মাধ্যমে উপকৃত করবে। আমরা কমিউনিটি সোলার বাড়ানোর জন্য এবং সমস্ত নিউ ইয়র্কবাসীর জন্য সৌর ব্যবহারের লক্ষ্যে অবদান রাখতে হোচুল প্রশাসনের সাথে কাজ করার জন্য উন্মুখ।"

"নিউ ইয়র্কে স্থানীয় সৌরশক্তির প্রতি এই উত্তেজনাপূর্ণ নতুন প্রতিশ্রুতি, নিউ ইয়র্কের গ্রিড-স্কেল পুনর্নবীকরণযোগ্যের পরিকল্পিত ক্রয়ের সাথে একত্রে, প্রমাণ করে যে সম্রাজ্ঞী রাজ্য জলবায়ু ক্রিয়াকে গুরুতর বিবেচনা করছে এবং 2030 সালের মধ্যে 70% পুনর্নবীকরণযোগ্য শক্তিতে পৌঁছনোর বিষয়ে দৃঢ় প্রতিজ্ঞ," **অ্যালায়েন্স ফর ক্লিন এনার্জি নিউ ইয়র্কের (Alliance for Clean Energy New York) নির্বাহী পরিচালক অ্যান রেনল্ডস বলেন।** "পরিচ্ছন্ন শক্তি শিল্প এই প্রতিশ্রুতিকে সাধুবাদ জানায় এবং নিউ ইয়র্কে বিনিয়োগ এবং বৃদ্ধি অব্যাহত রাখার জন্য উন্মুখ।"

বর্তমানে, ইনস্টল করা বিতরণকৃত সৌর প্রকল্প, উন্নয়নশীল প্রকল্পগুলির সাথে একত্রে, 2025 সালের মধ্যে ছয় গিগাওয়াট সৌর স্থাপনের বর্তমান জলবায়ু আইনের লক্ষ্যমাত্রার 95 শতাংশ অবধি রাজ্যকে নিয়ে আসে। 2020 সালে কমিউনিটি সৌর ইনস্টলেশনের জন্য নিউ ইয়র্ক দেশের মধ্যে প্রথম এবং মোট ইনস্টলেশনের জন্য দ্বিতীয় স্থান অর্জন করেছিল। বর্তমানে

114,000-রও বেশি NY-সান সমর্থিত প্রকল্প আছে এবং প্রায় 6,000-টি আছে ভবিষ্যতের পরিকল্পনায়, যা রাজ্য জুড়ে 73-টি উন্নয়নশীল নিউ ইয়র্ক স্টেট দ্বারা সমর্থিত ইউটিলিটি-মাপের সৌর প্রকল্পের দ্বারা সম্পূরিত - সম্পূর্ণ হলে, এক সাথে এই প্রকল্পগুলি যথেষ্ট বিদ্যুৎ সরবরাহ করবে 2.2 মিলিয়নেরও বেশি গৃহকে শক্তি প্রদান করতে।

2011 সাল থেকে, নিউ ইয়র্ক স্টেটের 1.8 বিলিয়ন মার্কিন ডলারের NY-সান উদ্যোগ, যা সৌর শক্তির মাত্রা বাড়াবে এবং এটি স্টেটকে টেকসই, স্বনির্ভর সৌর শিল্পের দিকে এগিয়ে নিয়ে যাবে, তা এগুলি করেছে:

- নিউ ইয়র্ক জুড়ে প্রতিটি কাউন্টির 145,000 বাড়ির ছাদে সৌরশক্তি চালিত প্যানেল বসিয়েছে;
- 1 বিলিয়ন মার্কিন ডলারেরও বেশি পরিমাণ প্রণোদনা প্রদান করেছে, ব্যক্তিগত বিনিয়োগ থেকে 5.3 বিলিয়ন মার্কিন ডলারের সুবিধা নিয়েছে;
- স্টেটে সৌরশক্তির বৃদ্ধি 2,100 শতাংশেরও বেশি চলিত করেছে;
- 522,000 এরও বেশি নিউ ইয়র্কের বাড়ির শক্তি প্রদানের জন্য যথেষ্ট পরিমানে পরিচ্ছন্ন, দূষণহীন পুনরণবিকরণযোগ্য শক্তি সরবরাহ করেছে;
- সৌরশক্তি শিল্পে 12,000 চাকরির সুযোগ করে দিয়েছে;
- 10 বছরে সৌরশক্তির খরচ 69 শতাংশ কমাতে সাহায্য করেছে; এবং
- পরিবেশের উন্নতির প্রকল্প এবং পিছিয়ে পরা সম্প্রদায়গুলির উন্নতির জন্য 30 মিলিয়ন মার্কিন ডলার খরচের প্রতিশ্রুতি দিয়েছে।

**নিউ ইয়র্ক স্টেটের রাষ্ট্রের নেতৃত্বকারী জলবায়ু পরিকল্পনা (New York State's Nation-Leading Climate Plan)**

নিউ ইয়র্ক রাজ্যের দেশ-নেতৃত্ব স্থানীয় জলবায়ুর কর্মসূচী হল দেশের সব চেয়ে আক্রমণাত্মক জলবায়ু এবং পরিচ্ছন্ন শক্তির উদ্যোগ, যা পরিচ্ছন্ন শক্তিতে একটি সুশৃঙ্খল এবং ন্যায়সঙ্গত পরিবর্তনের আহ্বান জানায় যা কর্মসংস্থান সৃষ্টি করে এবং নিউ ইয়র্ক রাজ্য কোভিড-19 থেকে সেরে ওঠার সাথে সাথে সবুজ অর্থনীতির বিকাশ অব্যাহত রাখে। জলবায়ু নেতৃত্ব এবং কমিউনিটি সুরক্ষা আইনের মাধ্যমে আইনে অন্তর্ভুক্ত, 2040 সালের মধ্যে শূন্য-নির্গমন বিদ্যুৎ খাতের লক্ষ্যমাত্রা অর্জনের পথে নিউ ইয়র্ক এগিয়ে চলেছে, যার মধ্যে অন্তর্ভুক্ত আছে 2030 সালের মধ্যে 70 শতাংশ নবায়নযোগ্য শক্তি উৎপাদন এবং অর্থনীতিতে ব্যাপক কার্বন নিরপেক্ষতায় পৌঁছানো। স্টেট জুড়ে 91 টি বিশাল মাত্রার নবায়নযোগ্য প্রকল্পে 21 বিলিয়নের ডলারে বেশি, বিল্ডিং থেকে নিঃসরণ হ্রাস করার জন্য 6.8 বিলিয়ন ডলারে, সৌরশক্তির মাত্রা বৃদ্ধি করার জন্য 1.8 বিলিয়ন ডলারে, স্বচ্ছ পরিবহন উদ্যোগগুলির জন্য 1 বিলিয়নের ডলারে বেশি, এবং NY গ্রীন ব্যাংক-এর প্রতিশ্রুতিতে $1.2 বিলিয়নের বেশি সহ, এটি স্বচ্ছ শক্তির মাত্রা বৃদ্ধি করার জন্য নিউ ইয়র্কের অভূতপূর্ব বিনিয়োগের ওপরে নির্মাণ করে। সম্মিলিতভাবে, এই বিনিয়োগগুলি 2019 সালে নিউইয়র্কের পরিচ্ছন্ন শক্তি খাতে 150,000 এরও বেশি চাকরি, 2011 থেকে বিতরণকৃত সৌর খাতে 2,100 শতাংশ বৃদ্ধি এবং 2035 সালের মধ্যে 9,000 মেগাওয়াট অফশোর বাতাস বিকাশের প্রতিশ্রুতিকে সমর্থন করছে। জলবায়ু আইনের অধীনে, নিউ ইয়র্ক এই অগ্রগতিকে সামনে এগিয়ে নিয়ে যাবে এবং 2050 সালের মধ্যে গ্রিনহাউজ গ্যাস নির্গমন 1990 সালের তুলনায় 85 শতাংশ কমিয়ে আনবে, সেই সাথে পরিচ্ছন্ন জ্বালানি সংক্রান্ত

বিনিয়োগের 40 শতাংশ সুফল পৌঁছে দেওয়ার লক্ষ্য স্থির রেখে অন্তত 35 শতাংশ যেন সুবিধাবঞ্চিত সম্প্রদায়গুলোর কাছে পৌঁছয় তা নিশ্চিত করবে, এবং অন-সাইট জ্বালানি ব্যবহার কমানোর জন্য স্টেটের 2025 সালের জ্বালানি দক্ষতার লক্ষ্যমাত্রার দিকে অগ্রসর হবে যা শেষ-ব্যবহারকারীর 185 ট্রিলিয়ন BTU জ্বালানি সাশ্রয় করবে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে: www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন